

Prime Minister chairs 13th BRICS Summit

September 09, 2021

প্রধানমন্ত্রী ত্রয়োদশ ব্রিকস শীর্ষ সম্মেলনে পৌরোহিত্য করেছেন

সেপ্টেম্বর 09, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ত্রয়োদশ ব্রিকস শীর্ষ সম্মেলনে পৌরোহিত্য করেছেন।

এবারের শীর্ষ সম্মেলনের মূল ভাবনা ভারত নির্বাচন করেছে। এটি হল “ব্রিকস@১৫ : ইন্ড্রা ব্রিকস কো-অপারেশন ফর কনটিনিউইটি, কনসোলিডেশন এন্ড কনসেনসাস” (নিবন্ধিত জোটবদ্ধ ও সহমতের ভিত্তিতে আন্তঃব্রিকস সহযোগিতা)।

ব্রাজিলের রাষ্ট্রপতি জায়ের বোলসোনারো, রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুটিন, চীনের রাষ্ট্রপতি শি জিংপিং এবং দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা এই শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন।

এ বছর ভারত এই জোটের অধ্যক্ষের দায়িত্ব পালন করছে। এই সময়কালে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির থেকে সহযোগিতা পাওয়ায় প্রধানমন্ত্রী তাঁদের ধন্যবাদ জানান। এই সময়কালে বেশকিছু নতুন উদ্যোগ বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে রয়েছে : প্রথম ব্রিকস ডিজিটাল স্বাস্থ্য সম্মেলন, বহুপাক্ষিক সংস্কারের বিষয়ে প্রথম ব্রিকস মন্ত্রী পর্যায়ের যৌথ বিবৃতি, সন্ত্রাসবাদ মোকাবিলায় ব্রিকসের পরিকল্পনা, দূর সংবেদী কৃত্রিম উপগ্রহের ক্ষেত্রে সহযোগিতার জন্য একটি চুক্তি, টিকা গবেষণা ও উদ্ভাবনের জন্য একটি ভার্টুয়াল কেন্দ্র তৈরি, পরিবেশ বান্ধব পর্যটনের জন্য ব্রিকস জোট ইত্যাদি।

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি কোভিড পরবর্তী বিশ্বে চালিকাশক্তির ভূমিকা পালন করতে পারে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন। ‘পূর্বের অবস্থায় ফিরে যাওয়া, উদ্ভাবন, বিশ্বাসযোগ্যতা এবং স্থিতিশীলতা’ এই মন্ত্রে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে সহযোগিতা বাড়ানোর ওপর তিনি গুরুত্ব দেন।

প্রধানমন্ত্রী এই বিষয়গুলির ওপর গুরুত্ব দিয়ে বলেন, দ্রুত গতিতে আগের অবস্থায় ফিরে যেতে হবে। এর জন্য টিকাকরণের কাজ দ্রুত গতিতে করতে হবে। এছাড়াও উন্নত দেশগুলির মতো ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশে উন্নত ওষুধ শিল্প এবং টিকা তৈরির ক্ষমতা অর্জন করতে হবে। একাজে ডিজিটাল পরিকাঠামোকে যথাযথভাবে ব্যবহার করে তার সুফল জনসাধারণের কাছে পৌঁছে দিতে হবে। পরিবেশ এবং জলবায়ু সংক্রান্ত বিষয়ে ব্রিকস গোষ্ঠীর অভিন্ন মতামত প্রচারের জন্য স্থিতিশীল উন্নয়নকে উৎসাহ দিতে হবে।

সম্মেলনে নেতৃবৃন্দ আফগানিস্তানের সাম্প্রতিক ঘটনাবলী সহ গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে আলোচনা করেছেন। সন্ত্রাসবাদ এবং মৌলবাদের সমস্যা মোকাবিলা করার ক্ষেত্রে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলি একজোট হয়ে সন্ত্রাসবাদ বিরোধী যে নীতি গ্রহণ করেছে সেটি বাস্তবায়িত করতে হবে।

সম্মেলনের শেষে নেতৃবৃন্দ ‘নতুনদিল্লী ঘোষণাপত্র’ গ্রহণ করেছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.